

নং-১৬.০০.০০০০.০০৩.১১.০০৬.১৬- ২৬১

তারিখ : ২৮ চৈত্র ১৪২৯  
১১ এপ্রিল ২০২৩

### বায়োমেট্রিক ভিসা সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ ২০২৩ এ অংশগ্রহণকরণের জন্য নিবন্ধিত হজযাত্রীদের বায়োমেট্রিক ভিসা আবেদন আগামী ১৬.০৪.২০২৩ খ্রি. তারিখ হতে সারাদেশব্যাপী একযোগে শুরু হবে।

০২। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ সকল জেলার ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়, ঢাকায় অবস্থিত ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁও, ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স, ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং হজ অফিস, আশকোনা, ঢাকায় বায়োমেট্রিক ভিসার জন্য আবেদন করতে পারবেন। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ যেখানে বায়োমেট্রিক ভিসার জন্য আবেদন করবেন সেখানে তাঁদের পাসপোর্ট জমা দিবেন এবং রশিদ গ্রহণ করবেন।

০৩। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ স্ব স্ব এজেন্সির মাধ্যমে এবং হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) অফিসে বায়োমেট্রিক ভিসার জন্য আবেদন করতে পারবেন। বায়োমেট্রিক ভিসা আবেদনের পরে পাসপোর্টসমূহ স্ব স্ব এজেন্সির নিকট জমা প্রদান করে রশিদ গ্রহণ করবেন।

০৪। বায়োমেট্রিক ভিসা আবেদনের শেষ তারিখ ৩০.০৪.২০২৩ খ্রি.

০৫। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।

  
২১.০৪.২০২৩  
আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব  
ফোন: +৮৮ ০২ ৫৫১০১১১৮  
মোবাইল: +৮৮০১৭ ২০ ২১ ২৪ ২৫  
[morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
৫. প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন (a2i), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল)..... ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১১. জেলা প্রশাসক (সকল).....
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৫. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd)) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৬. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা) (হজযাত্রীদের নিকট গ্রহণকৃত পাসপোর্ট পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা প্রেরণের নিশ্চিতকরণের অনুরোধসহ)
১৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সান্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়পল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো)
১৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৯. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক,----- (সকল হজ এজেন্সি)
২০. অফিস কপি